



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, ময়মনসিংহ।

ফোন : ০২৯৯৭৭১০৪৫০, ০২৯৯৬৬৬৩৩৩৩, E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং-ময়শিবো/পনি/মাধ্য/১০/০৫/২২/৭০

তারিখ: ২৯/০৪/২০২৪ খি.

বিষয়: মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা-২০২৩ এর মূল সনদ বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত “ছকে” উল্লিখিত তারিখ ও সময়ে এসএসসি পরীক্ষা-২০২৩ এর মূল সনদ কেন্দ্রভিত্তিক বোর্ডের ২নং ভবনের (খাগডহর বাজার) পরীক্ষা শাখা হতে বিতরণ করা হবে। বর্ণিত তারিখ ও সময়ে আপনি অথবা আপনার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির স্বাক্ষর সত্যায়নের মাধ্যমে পরীক্ষা শাখা হতে মূল সনদ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	জেলার নাম	মূল সনদ বিতরণের তারিখ বার ও সময়	মন্তব্য
১	ময়মনসিংহ	০২/০৫/২০২৪ বৃহস্পতিবার সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত	
২	জামালপুর	০৫/০৫/২০২৪ রবিবার সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত	
৩	নেত্রকোণা ও শেরপুর	০৬/০৫/২০২৪ সোমবার সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত	

বিষয়টি অতীব জরুরি।

বিশেষ দৃষ্টব্য:


- জিপিএ উন্নয়ন মূল সনদ গ্রহণ করার ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে পূর্বের মূল সনদ জমা দিতে হবে (কোনো অবস্থাতেই পরীক্ষার্থীকে বোর্ডে পাঠানো যাবে না)।
- মূল সনদ গ্রহণের ক্ষেত্রে কোনো অবস্থাতেই চতুর্থ শ্রেণির কর্মচারীকে প্রতিনিধি হিসেবে ক্ষমতা প্রদান করা যাবে না।
- মূল সনদ গ্রহণের ক্ষেত্রে পরীক্ষা নিয়ন্ত্রকের স্বাক্ষর ও সনদ সংখ্যা সঠিক আছে কিনা তা দেখে ও গণনা করে নিতে হবে, পরবর্তীতে এ বিষয়ে কোনো আপত্তি গ্রহণ করা হবে না।
- প্রত্যেক কেন্দ্র বোর্ড থেকে মূল সনদ গ্রহণ করার তারিখ থেকে ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে কেন্দ্রের আওতাধীন প্রতিষ্ঠানকে মূল সনদ বিতরণ করবে। মূল সনদজনিত কোনো সমস্যা থাকলে তা পরীক্ষা শাখায় বিতরণ পরবর্তী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করতে হবে। পরবর্তীতে এ বিষয়ে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।

প্রাপক:

কেন্দ্র সচিব

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা কেন্দ্র - ২০২৩


(প্রফেসর মোঃ সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

ফোন: ০২-৯৯৭৭১০৪৪২

Email: conbisemym@gmail.com